ঝিনাইদহে ঘাতক ট্রাকের চাপায় প্রাণ গেল নৈশ প্রহরীর

ঝিনাইদহ শহরের হামদহ আলহেরা মোড়ে ট্রাকের চাপায় বাদল মোল্লা
(৫৫) নামের এক নৈশ প্রহরীর মৃত্যু হয়েছে।

বুধবার (২৩ এপ্রিল) সকাল ৫ টার দিকে এ দুর্ঘটনা ঘটনা ঘটে। নিহত বাদল মোল্লা সদর উপজেলার ছোট কামারকুণ্ডু উত্তর পাড়া গ্রামের মোকছেদ আলীর ছেলে এবং সে আলহেরা মোড় এলাকায় নৈশ প্রহরীর দায়িত্ব পালনকারী।

স্থানীয়রা জানায়, ভোরে দায়িত্ব পালনের এক পর্যায়ে রাস্তার পশ্চিম পাশে দাড়িয়ে ছিল বাদল মোল্লা। সেসময় কালীগঞ্জ থেকে ঝিনাইদহ শহরগামী একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় বাদল মোল্লা।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের পরিদর্শক তানভীর হাসান জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে আসে এবং মৃতদেহটি পুলিশের কাছে হস্তান্তর করে।

কুষ্টিয়ার কুমারখালীতে নৈশপ্রহরীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার নন্দলালপুর ইউনিয়নে স্বাধীন হোসেন
(২৪) নামে এক নৈশপ্রহরীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

রোববার (২০ এপ্রিল) সকালে নন্দলালপুর এলাকায় একটি আমগাছের ডালে গলায় ফাঁস দেওয়া অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হয়।

স্বাধীন হোসেন কুমারখালী উপজেলার নন্দলালপুর ইউনিয়নের মাঠপাড়া

এলাকার আকমল হোসেনের ছেলে। তিনি পেশায় সোন্দাহ নন্দলালপুর মাধ্যমিক বিদ্যালয়ের নৈশপ্রহরী ছিলেন।

স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, ফজরের নামাজ শেষে বাড়ি ফেরার পথে এলাকার লোকজন সোন্দাহ নন্দলালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে একটি আমগাছে স্বাধীন হোসেনের ঝুলন্ত মরদেহ দেখতে পান। পরে তারা কুমারখালী থানা পুলিশকে খবর দেন। পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে।

কুমারখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সোলায়মান শেখ বলেন, “সকালে একজন নৈশপ্রহরীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। মরদেহটি ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।”

এ ঘটনায় কুমারখালী থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়ের করা হয়েছে।

জীবননগরে নৈশপ্রহরীদের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে জীবননগরে উপজেলার নৈশপ্রহরীদের মাঝে কম্বল উপহার দেন জীবননগর থানা পুলিশ।

বৃহস্পতিবার বেলা ১২টার সময় জীবননগর থানা চত্বরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠান উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মো. মুন্না বিশ্বাস, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক প্রমূখ।

এছাড়াও জীবননগর থানার অনন্য পুলিশ সদস্য উপস্থিত ছিলেন ।